**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**21 January 2026** **7:35 AM IST**

==========================================================================

আসামের উন্নয়নের সংগে সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন ওতপ্রতোভাবে জড়িত রয়েছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা মন্তব্য করেছেন ।

গতকাল সুইজারল্যান্ডের ডাভোসে অনুষ্ঠিত ওয়াল্ড ইকনমিক ফোরামে ভারত পেভেলিয়নের উদ্বোধনী অনুষ্ঠানে অংশ মুখ্যমন্ত্রী ড: শর্মা বিশ্বের সেমি কন্ডাকটর শিল্প প্রতিনিধিদের সংগে এক বৈঠকে অংশ গ্রহণ করে একথা বলেন । এছাড়া মুখ্যমন্ত্রী টাটা গ্রুপের অধ্যক্ষ এন চন্দ্রশেখরণের সংগে দেখা করে আসামে বিনিয়োগের বিষয় নিয়ে আলোচনা করেন । মূখ্যমন্ত্রী ড: শর্মা বলেন ----

বাইট --------- মুখ্যমন্ত্রী

উল্লেখ্য আসামের প্রতিনিধি হিসেবে মুখ্যমন্ত্রী ড: শর্মা এই সম্মেলনে অংশ গ্রহন করছেন । মুখ্যমন্ত্রী এই ফোরামে ১৭ টি

বৈঠকে অংশ নেওয়া সহ বেশ কয়েকটি সমঝোতা চুক্তিতেও সাক্ষর করবেন ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের ২৩তম সমাবর্তন অনুষ্ঠানের আজ
তৃতীয় তথা শেষ দিন

দ্বিতীয় দিনে ১৭ জন স্বর্ণ পদক সহ তিন হাজার তিনশ স্নাতক পর্য্যায়ের ছাত্র-ছাত্রীদের ডিগ্রী প্রদান করা হয়েছে । নেতাজী সুভাষ চন্দ্র বসু মুক্ত মঞ্চে আয়োজিত সমাবর্তন অনুষ্টানে আজ অশোক লিল্যান্ডের সহ-সভাপতি শ্রী কৃষ্ণান সদাগোপান মূখ্য অতিথি হিসেবে বক্তব্য রাখেন । এ উপলক্ষ্যে শ্রী সদাগোপান স্নাতক উর্ত্তীন ছাত্র-ছাত্রীদের কাছে উন্নয়ন ও ঐতিহ্য রক্ষা ক্ষেত্রে ভারসাম্য বজায় রাখার আহ্বান জানান । এছাড়া আজকের সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের আচার্য্য তথা প্রাক্তন এয়ার চিফ মার্শাল অরূপ রাহা , উপাচার্য্য অধ্যাপক রাজীব মোহন পন্থ প্রমূখ বক্তব্য রাখেন ।

---

শ্রীভূমি জেলার বিভিন্ন প্রান্ত থেকে উদ্ধার হওয়া বিপুল পরিমানের নেশা জাতীয় সামগ্রী জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল বুল ডোজার দিয়ে ধ্বংশ করা হয়েছে । আসাম পুলিশের দক্ষিন আসাম রেঞ্জের ডেপুটি ইন্সপেক্টার জেনারেল জয়শ্রী খেরসা ও জেলার সিনিয়র পুলিশ সুপার লীনা দোলের উপস্থিতিতে শরিফ নগর এলাকার একটি ইটভাটায় নিষিদ্ধ মাদক দ্রব্যগুলি ধ্বংস করা হয় । উল্লেখ্য জেলায় বিভিন্ন সময়ে ৮১টি অভিযানে ১৩১ জন পাচারকারীর কাছ থেকে মোট ৫৫ কোটী ৫৩ লক্ষ ৭০ হাজার টাকার হেরোইন , ইয়াবা ট্যাবলেট , গাঁজা এবং কফ সিরাফ উদ্ধার করা হয়েছিল যা গতকাল বোতল বুলডোজার চালিয়ে ধ্বংস করা হয় ।

এ বিষয়ে সিনিয়র পুলিশ সুপার লীনা দোলে আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন-----

**বাইট**

---

শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শিলচর হাইলাকান্দি রোডের প্রথম লিংক রোড পয়েন্ট থেকে সোনাই রোড পয়েন্ট পর্য্যন্ত সড়কে আর সি সি নালা নির্মান ও সংস্কার কাজের জন্য গতকাল থেকে আগামী ২০ মার্চ পর্য্যন্ত সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । এই সময়কালে যান বাহনগুলি বিকল্প হিসেবে দ্বিতীয় লিংক রোড সড়ক ব্যবহার করতে পারবে বলে জানানো হয়েছে ।

---

মণিয়ারখালের মুক্তিযোদ্ধা রাজমোহন গোয়ালা আর্দশ বিদ্যালয়ের নবম শ্রেনীর ছাত্র-ছাত্রীদের মধ্যে মূখ্যমন্ত্রীর বিশেষ প্রকল্পে গতকাল ১৩৫টি সাইকেল বিতরন করা হয়েছে । বিদ্যালয়ের অধ্যক্ষ আবুল কাশিমের পৌরহিত্যে আয়োজিত এক সভায় বক্তব্য রাখতে গিয়ে ভারতীয় জনতা পার্টির কাছাড় জেলা কমিটির সম্পাদক পরেশ তাঁতি , পালংঘাট আঞ্চলিক পঞ্চায়েত সভানেত্রী মীনা রাণী রায় , শিক্ষক সুবীর মালাকার ও কৈলাশ হাজাম প্রমূখ বক্তব্য রাখেন ।

---

শ্রীকোনা সার্বজনীন শ্রীশ্রী হরিনাম সংকীর্তন কমিটির উদ্যোগে আগামী দোসরা ফেব্রুয়ারী থেকে চৌঠা ফেব্রুয়ারী পর্য্যন্ত শ্রীকোনা বড় বাজারে ষোল প্রহরব্যাপী হরিনাম সংকীর্তনের আয়োজন করা হয়েছে । হরিনাম সংকির্তনে বরাক উপত্যকার বিভিন্ন কীর্তনিয়া সম্প্রদায় অনুষ্ঠান পরিবেশন করবে ।

---

ধেমাজী জেলার চিলাপথারের রাজীব গান্ধী ক্রীড়া প্রকল্পে আজ থেকে সন্তোষ ট্রফী জাতীয় ফুটবল প্রতিযোগিতা শুরু হচ্ছে । আসাম ফুটবল সংস্থার আমন্ত্রণে দেশের শীর্ষ পর্যায়ের ফুটবল প্রতিযোগিতার ১৫ টি খেলা চিলাপথারের রাজীব গান্ধী ক্রীড়া প্রকল্পে অনুষ্ঠিত হবে । ধেমাজী জেলার দুটি স্থান সহ ঢকুয়াখানায়ও প্রতিযোগিতার কয়েকটি খেলা অনুষ্ঠিত হবে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব লক্ষীপুরের ব্যবস্থাপনায় আগামীকাল দিলখুশ চা বাগানের নাচ ঘরে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্টিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---